

নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০০৮.২২.৭৮৩

তারিখ : ২৭ জ্যৈষ্ঠ ১৪২৯
১০ জুন ২০২২

২০২২ সালে হজ কার্যক্রম পরিচালনাকারী বেসরকারি হজ এজেন্সি এবং হজযাত্রী পরিবহনকারী এয়ারলাইন্সসমূহের জন্য বিমান টিকিট বুকিং সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হজ এজেন্সিসমূহ আগামী ১২-১৭ জুন, ২০২২ তারিখের বিমান টিকিট বুকিং করতে আগ্রহী নয় মর্মে হজযাত্রী পরিবহনকারী এয়ারলাইন্সসমূহ জানিয়েছে। আরো প্রতীয়মান হয়েছে যে, এজেন্সিসমূহ হজপূর্ব শেষ দিকের ফ্লাইটসমূহে সিট বুকিং দিতে বিশেষ আগ্রহী; যা হজ ব্যবস্থাপনায় বিশৃঙ্খলাসহ হজ পালনে হজযাত্রীদের সৌদি আরব গমনে অনিশ্চয়তা সৃষ্টি করবে। এর দায়-দায়িত্ব এজেন্সিসমূহকেই বহন করতে হবে।

০২। ভিসা লজমেন্ট প্রক্রিয়া সচল থাকা সত্ত্বেও বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রী ও হজ এজেন্সিসমূহের এ ধরনের আচরণ সুষ্ঠু হজ ব্যবস্থাপনার জন্য মারাত্মক হুমকি স্বরূপ; যার ফলে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়ার সমূহ সম্ভাবনা রয়েছে। বেসরকারি ব্যবস্থাপনার প্রত্যেক হজযাত্রী ও সংশ্লিষ্ট হজ এজেন্সির দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে হজের মত একটি জাতীয় ও আন্তর্জাতিক অনুষ্ঠানকে সফল করার নৈতিক দায়িত্ব রয়েছে। কাজেই হজযাত্রী ও এজেন্সিসমূহের ন্যায় সংগত আরচন করা একান্ত যুক্তিযুক্ত। বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রী ও এজেন্সিসমূহের আচরণে সরকার বিধি সম্মত ব্যবস্থা গ্রহণে বদ্ধ পরিকর। বারংবার সতর্ক করার পরও এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ না করায় এজেন্সিসমূহের উদ্বৃত্ত আচরণ সরকার ও আইনের প্রতি অশ্রদ্ধা প্রকাশ ও সরকারি কাজে বাধা সৃষ্টির বহিঃপ্রকাশ।

০৩। এমতাবস্থায়, বেসরকারি ব্যবস্থাপনার সকল এজেন্সিকে আগামী ১২/০৬/২০২২ তারিখের মধ্যে এয়ারলাইন্সের সিট বুকিং করে মন্ত্রণালয়কে akm.shaheen@gmail.com ই-মেইলে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। একই সাথে আইনের প্রতি শ্রদ্ধাশীল হয়ে এয়ারলাইন্সসমূহকে ফ্লাইট সিডিউল অনুযায়ী কোন কোন ফ্লাইটে কতজন হজযাত্রীর বিপরীতে টিকিট নিশ্চিত করেছে তা বিনা ব্যর্থতায় মন্ত্রণালয়কে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫। সুষ্ঠু হজ ব্যবস্থাপনায় সরকারি আদেশ প্রতিপালন করতে হবে। কারণ হজ সরকারের একটি সর্বোচ্চ অগ্রাধিকারমূলক ধর্মীয় ও রাষ্ট্রীয় কার্যক্রম।

০৬। এ বিজ্ঞপ্তি প্রকাশে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


১০.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: +৮৮-০২-৫৫১০১১১৮

ইমেইল: morahajsection@gmail.com

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব/সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ

৩. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব
৪. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস, গুলশান, ঢাকা
৫. মহাপরিচালক, ডিজিএফআই, ঢাকা
৬. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা
৭. চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, ঢাকা
৮. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৯. মহাপরিচালক, এন.এস.আই, ঢাকা
১০. ব্যবস্থাপনা পরিচালক/সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা
১১. অতিরিক্ত সচিব (উন্নয়ন/হজ/সংস্থা ও আইন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. পরিচালক, হজ অফিস, ঢাকা
১৩. কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব
১৪. পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি), তেজগাঁও, ঢাকা
১৫. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট,.....ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
১৬. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা/মক্কা, সৌদি আরব
১৭. কান্ট্রি ম্যানেজার, সৌদি এয়ারাভিয়ান এয়ারলাইন্স, বাংলাদেশ, ঢাকা/জেদ্দা, সৌদি আরব
১৮. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
১৯. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২০. মাননীয় সভাপতির একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা
২১. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
২২. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশের অনুরোধ করা হলো)
২৩. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সান্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ডিআইপি রোড, ঢাকা (সকল হজ এজেন্সিকে অবহিতকরণের অনুরোধ করা হলো)
২৪. প্রধান বাণিজ্যিক কর্মকর্তা, ফ্লাইনাস এয়ারলাইন্স, রিয়াদ, সৌদি আরব
২৫. সিইও, ফ্লাইনাস এয়ারলাইন্স, ১১৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলা মটর, ঢাকা
২৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে (www.hajj.gov.bd)
২৭. স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার/ব্যবস্থাপনা অংশীদার----- (সকল এজেন্সি)
২৮. অফিস কপি/মাস্টার ফাইল

